# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ সফরে বের হওয়ার সময়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সফরে বের হওয়ার সময়

সফরে বের হওয়ার সময় যানবাহনে চড়ে নিম্নের দুআ'দি পঠনীয়; আল্লাহু আকবার ৩বার। অতঃপর পূর্বোক্ত 'সুবহানাল্লাযী- পাঠ করে এই দুআ পড়তে হয়,

اللَّهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِي سَفَرِنَا هَذَا الْبِرَّ وَالتَّقْوَى، وَمِنَ الْعَمَلِ مَا تَرْضَى، اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا سَفَرَنَا هَذَا، وَاطْوِ عَنَّا بُعْدَهُ، اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ، وَالْخَلِيفَةُ فِي الأَهْلِ، اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَرِ وَسُوءِ الْمُنْقَلَبِ فِي الْمَالِ وَالأَهْلِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্না নাসআলুকা ফী সাফারিনা হা-যাল বিররা অততাক্‌ওয়া অমিনাল আমালি মা তারযা। আল্লা-হুম্মা হাউবিন আলাইনা সাফারানা হা-যা অত্ববি আন্না বু’দাহ। আল্লা-হুম্মা আন্তাস স্বা-হিবু ফিসসাফারি অলখালীফাতু ফিলআহল। আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিন অ'সা-ইস্‌ সাফারি অকাআ-বাতিল মানাযারি অসূইল মুনক্বালাবি ফিলমা-লি অলআহল।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমরা আমাদের এই সফরে তোমার নিকট পুণ্য, সংযম, এবং সেই আমল প্রার্থনা করছি যাতে তুমি সন্তুষ্ট হও। হে আল্লাহ! তুমি আমাদের জন্য এই সফরকে সহজ করে দাও এবং এর দূরত্বকে সঙ্কুচিত করে দাও। আল্লাহ গো! তুমিই সফরের সাথী এবং পরিবারে প্রতিনিধিও তুমিই। হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট সফরের কষ্ট, মর্মান্তিক দৃশ্য এবং মালধন ও পরিবারে মন্দ প্রত্যাবর্তন থেকে আশ্রয় প্রার্থনা করছি। (মুঃ২/৯৯৮)

সফরে বের হওয়ার পূর্বে ২ রাকআত নামায পড়া মুস্তাহাব। (সিঃ সহীহাহ ১৩২৩নং)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11794

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন